

ঢাবির প্রোভিসির সঙ্গে বিএনপিপাঞ্চি শিক্ষকদের হটগোল



ছবি-সংগৃহীত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ২৩ জুন ২০২৫ | ০৫:২২

(-) (অ) (+)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদের সঙ্গে বিএনপিপাঞ্চি শিক্ষকদের সংগঠন সাদা দলের শিক্ষকদের একটি বৈঠকে হটগোলের ঘটনা ঘটেছে। পরে 'সংশোধনের' জন্য প্রোভিসিকে এক সপ্তাহ সময় দিয়ে বেরিয়ে যান সাদা দলের শিক্ষকরা।

গতকাল রোববার প্রশাসনিক ভবনে প্রোভিসির কার্যালয়ে এ ঘটনা ঘটে। অধ্যাপক মামুনও সাদা দলের রাজনীতিতে যুক্ত ছিলেন।

সাদা দলের শিক্ষকরা অভিযোগ, নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের কুয়েত-মেট্রী হলের সহসভাপতি সাদিয়া আফরিনকে পপুলেশন্স সায়েন্স বিভাগের প্রভাষক পদে নিয়োগ; আওয়ামীপত্র নীল দলের শিক্ষকদের সঙ্গে বৈঠক, বিতর্কিত একাধিক শিক্ষককে রিসার্চ এক্সিলেন্স পুরস্কার প্রদানসহ নানা বিষয়ে অধ্যাপক মামুনের সংশ্লিষ্টতা রয়েছে। প্রায় ২ ঘণ্টার আলোচনা শেষে সাত দিনের মধ্যে এসব অভিযোগ নিষ্পত্তি করার আলটিমেটাম দিয়ে কার্যালয় ছাড়েন শিক্ষকরা।

তবে অধ্যাপক মামুন আহমেদ অভিযোগ অস্বীকার করে সমকালকে বলেন, কারও কারও মনে হতে পারে নিয়োগে রাজনৈতিক ভূমিকা থাকার প্রয়োজন ছিল, তবে তিনি মেধা ও যোগ্যতাকে প্রাধান্য দিয়েছেন। এজন্য এ ঘটনা ঘটে থাকতে পারে।

তিনি বলেন, নিয়োগ বোর্ডে আমি ছাড়াও বিভাগের চেয়ারম্যানসহ আরও চার সদস্য ছিলেন। এ ছাড়া সিভিকেটে নিয়োগ চূড়ান্ত হয়েছে। সেখানেও কেউ প্রশ্ন তোলেনি। এখন দুই মাস পরে বিষয়টি তোলা হয়েছে। বিষয়টি নিয়ে সিভিকেটে আরও আলোচনা হতে পারে।

সময় দেওয়ার কথা জানিয়ে বৈঠক শেষে সাদা দলের যুগ্ম আহ্বায়ক ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকার বলেছেন, বিষয়গুলো সংশোধনের জন্য আমরা তাঁকে এক সপ্তাহ সময় দিয়েছি। ‘মেধা’ ও ‘স্বচ্ছতা’র নামে যদি ফ্যাসিবাদের পৃষ্ঠপোষকতা করা হয়, তা কোনোভাবেই মেনে নেওয়া হবে না। বৈঠকে সাদা দলের আহ্বায়ক অধ্যাপক মোরশেদ হাসান খান উপস্থিত ছিলেন।